



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.ac.bd

প্রেস রিলিজ

তারিখঃ ২২ জ্যৈষ্ঠ ১৪২৩ বঙ্গাব্দ

০৫ জুন ২০১৬ খ্রিস্টাব্দ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে বিশ্ব পরিবেশ দিবস ২০১৬ পালিত

নানা আয়োজনের মধ্য দিয়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ে পালিত হয়ে গেল বিশ্ব পরিবেশ দিবস ২০১৬। অদ্য ৫ জুন ২০১৬ বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষ্যে সকাল ৯.০০ টায় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এক বর্ণাঢ্য র্যালির আয়োজন করা হয়। র্যালিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ অংশগ্রহণ করেন। র্যালি শেষে ক্যাম্পাসে বিভিন্ন প্রজাতির ২০ টিরও অধিক বৃক্ষ রোপন করা হয়। এবারের বিশ্ব পরিবেশ দিবসের মূল প্রতিপাদ্য ছিল “বন্য প্রাণী ও পরিবেশ, বাঁচায় প্রকৃতি বাঁচায় দেশ”। এ প্রতিপাদ্যকে সামনে রেখে এক আলোচনা সভারও আয়োজন করা হয়। মুক্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক ড. হাফিজ আশরাফুল হকের সঞ্চালনায় আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীব বিজ্ঞান অনুষদের ডিন মুক্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ড. হাসিনুর রহমান। বিশেষ অতিথি ছিলেন ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের চেয়ারম্যান ড. ধীমান কুমার রায়, উদ্ভিদ বিজ্ঞান বিভাগের ড. সুব্রত কুমার দাস ও সমাজ বিজ্ঞান বিভাগের সুমি রানী সাহা। সভায় বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, শিক্ষকবৃন্দ ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

(মোঃ ফয়সল মাহমুদ রুমি)

জনসংযোগ কর্মকর্তা

বরিশাল বিশ্ববিদ্যালয়